



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.২৯৫.২০১৯/ ৬২৬/৬

তারিখ: ২৭/০৯/২০২০খ্রি.

বিষয়: শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলাধীন ধর্মপুর আবদুল জব্বার ডিগ্রি কলেজের অধ্যক্ষ জনাব মোঃ ছামিউল ইসলাম এর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্র: ১। শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-৩৭.০০.০০০০.০৭০.০৫.০০১.২০১৪-৩২; তারিখ: ২৩/০৯/২০২০খ্রি.
২। মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-২৬৬৩/২০১৯ এর আদেশ এবং কনটেন্ট পিটিশন নং-২২৬/২০২০ এর প্রেক্ষিতে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রস্থ ০১ নং পত্র মোতাবেক মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-২৬৬৩/২০১৯ এর রায় এবং তদন্ত কর্মকর্তার প্রতিবেদন মোতাবেক অভিযোগ প্রমাণিত হওয়ায় গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলাধীন ধর্মপুর আবদুল জব্বার ডিগ্রি কলেজের অধ্যক্ষ জনাব মোঃ ছামিউল ইসলাম এর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য শিক্ষা মন্ত্রণালয় হতে অনুরোধ করা হয়েছে।

এমতাবস্থায়, শিক্ষা মন্ত্রণালয়ের পত্রের নির্দেশনা মোতাবেক গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলাধীন ধর্মপুর আবদুল জব্বার ডিগ্রি কলেজের অধ্যক্ষ জনাব মোঃ ছামিউল ইসলাম এর বিরুদ্ধে বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করে জরুরী ভিত্তিতে মাউশিকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Alcaw 27.9.2020
(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোন নং-৯৫৫৬০৫৭
Email-ncollege@dshe.gov.bd

প্রাপক:

সভাপতি
পরিচালনা পরিষদ
ধর্মপুর আবদুল জব্বার ডিগ্রি কলেজ
সুন্দরগঞ্জ, গাইবান্ধা

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর
- ৪। শিক্ষা কর্মকর্তা (আইন) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ৫। জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা (পত্রের নির্দেশনা বাস্তবায়নে সহযোগিতার অনুরোধসহ)
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (পত্রটি অত্র অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। পি এ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ৮। সংরক্ষণ নথি।